দৈনিক ইত্তেফাক

তারিখ 24 SEP 1990
পৃষ্ঠা ... কলাম ...

12

# বৈজ্ঞানিক ও কারিগরি শিক্ষা বিস্তারে সমন্বিত প্রয়াস প্রয়োজন

—— কাজী জাফর

বাসস জানায়, প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ সার্কভুক্ত ৭টি

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## কাজী জাফর

(প্রথম পৃঃ পর)

দেশের জনগণের অভিন্ন স্বার্থে বৈজ্ঞানিক ও কারিগরি শিক্ষার বিস্তারকল্পে সহযোগিতা ও সমন্বিত প্রয়াসের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। গতকাল (রবিবার) শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী কাজী জাফর আন্তর্জাতিক সম্মেলন কক্ষে শিক্ষা বিষয়ক সার্ক কারিগরি কমিটির তিনদিনব্যাপী ২য় বৈঠক উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী বলেন, সামাজিক পরিবর্তনের গতিশীলতার ফলে শিক্ষার ব্যাপারে পুরাতন ধ্যান-ধারণার মৌলিক পরিবর্তনে প্রয়োজনীয়তা দেখা দিয়াছে এবং সমাজ জীবনে নানাবিধ সঙ্কট ও জটিলতা বৃদ্ধির কারণে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে জ্ঞান আহরণ অপরিহার্য হইয়া দাঁড়াইয়াছে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন প্রেসিডেন্টের প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা মনসুর আলী সরকার, শিক্ষাসচিব ও বৈঠকের সভাপতি আ, ন, ম ইউসুফ এবং শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জামিল চৌধুরী।

ভুটান, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান, শ্রীলংকা ও মেজবান রাষ্ট্র বাংলাদেশের প্রতিনিধিরা বৈঠকে অংশগ্রহণ করেন।

কাজী জাফর বলেন, সরকার বাংলাদেশে প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করিয়াছেন। আগামী ৫ বৎসরে শিক্ষার হার ৫০